বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়

# VIDYASAGAR UNIVERSITY

## Question Paper

**B.A. Honours Examination 2023**

**(Under CBCS Pattern)**

**Semester — II**

**Subject : BENGALI**

**Paper : C–4T**

( চৈতন্যজীবনী ও মঙ্গলকাব্য সাহিত্য পাঠ )

**Full Marks : 60**

**Time : 3 hours**

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

নির্দেশানুসারে সকল বিভাগ থেকে উত্তর দাও।

বিভাগ—ক

নিম্নলিখিত যেকোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাওঃ ১০×২=২০

১. বৃন্দাবন দাস রচিত 'চৈতন্যভাগবত' (আদিখণ্ড) অনুসারে নবদ্বীপের জীবনচিত্র ব্যাখ্যা করো।

২. ‘চণ্ডীমঙ্গল’ (আখেটিক খণ্ড) কাব্যের ‘গ্রন্থোৎপত্তির কারণ’ অংশের গুরুত্ব আলোচনা করো।

৩. ‘চণ্ডীমঙ্গল’ (আখেটিক খণ্ড) কাব্যের কালকেতু চরিত্র চিত্রণে মুকুন্দরাম চক্রবর্তীর কৃতিত্ব আলোচনা করো।

৪. বাংলা মঙ্গলকাব্যের ধারায় ভারতচন্দ্রের ‘অন্নদামঙ্গল’ কাব্যকে ‘নূতনমঙ্গল’ বলা যায় কিনা আলোচনা করো।

## বিভাগ—খ

নিম্নলিখিত যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাওঃ ৫×৪=২০

৫. ‘চৈতন্যভাগবত’ কাব্যের আদিখণ্ড অনুসরণে চৈতন্যের বাল্যলীলা সংক্ষেপে আলোচনা করো।

৬. “বৃহস্পতি জিনিঞা হইব বিদ্যাবান্। / অল্পেই হইব সর্ব গুণের নিধান।।” — প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য লেখো।

৭. মুরারি শীল চরিত্র চিত্রণে মুকুন্দরাম চক্রবর্তীর কৃতিত্ব সংক্ষেপে আলোচনা করো।

৮. “পিপীড়ার পাখা উঠে মরিবার তরে / কাহার ষোড়শী কন্যা আনিয়াছ ঘরে।” — প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য লেখো।

৯. “আমার সন্তান যেন থাকে দুধে ভাতে” — প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য লেখো।

১০. “নগর পুড়িলে কি দেবালয় এড়ায়” — প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য লেখো।

## বিভাগ—গ

নিম্নলিখিত যেকোনো **দশটি** প্রশ্নের উত্তর দাওঃ ২×১০=২০

১১. চৈতন্যদেবকে গৌরাঙ্গ বলা হত কেন? তাঁর নিমাই নামকরণ কে করেছিলেন? ১+১

১২. চৈতন্যদেবের প্রথম স্ত্রীর নাম কী? কীভাবে তাঁর মৃত্যু ঘটেছিল? ১+১

১৩. চৈতন্যদেবের সঙ্গে ঈশ্বরপুরীর কোথায় সাক্ষাৎ হয়েছিল? ঈশ্বরপুরীর কাছ থেকে চৈতন্যদেব কোন্ মন্ত্রে দীক্ষা নিয়েছিলেন? ১+১

১৪. চৈতন্যদেবের বন্ধু গদাধর কার শিষ্য ছিলেন? গদাধরের পিতার নাম কী? ১+১

১৫. চৈতন্যদেবের প্রথম ভক্তের নাম কী? তাঁর সঙ্গে চৈতন্যদেবের কোথায় সাক্ষাৎ হয়েছিল? ১+১

১৬. ''সোনা রূপা নহে বাপা এ বেঙ্গা পিতল/ঘষিয়া মাজিয়া বাপু করেছ উজ্জ্বল।'' — কে, কাকে উদ্দেশ্য করে এই কথা বলেছেন? ১+১

১৭. ''আমার নগরে বৈস যত ইচ্ছা চাষ চষ/তিন সন বহি দিহ কর।'' — কে, কাকে উদ্দেশ্য করে এই কথা বলেছেন? ১+১

১৮. ''শাশুড়ী ননদী নাহি নাহি তোর সতা/কার সাথে দ্বন্দ্ব করি চক্ষু কৈলি রাতা।'' — কে, কাকে উদ্দেশ্য করে এই কথা বলেছেন? ১+১

১৯. "সেই বরযোগ্যা কন্যা তোমার ফুল্লরা।/খুঁজিয়া পাইল যেন হাঁড়ির মত সরা।" — কে, কাকে উদ্দেশ্য করে এই কথা বলেছেন? ১+১

২০. "বামন হইয়া হাত বাড়াইলে শশী।/আখেটীর ঘরে শোভা পাইবে উর্ব্বশী।" — কে, কোন্ প্রসঙ্গে এই কথা বলেছেন? ১+১

২১. "অতি বড় বৃদ্ধপতি সিদ্ধিতে নিপুণ" — বক্তা কে? বৃদ্ধপতি বলতে কার কথা বলা হয়েছে? ১+১

২২. "বসিয়া নায়ের বাড়ে নামাইয়া পদ।/কিবা শোভা নদীতে ফুটিল কোকনদ।।" — প্রসঙ্গ উল্লেখ করো। ১+১

২৩. 'অন্নদামঙ্গল' কাব্যের দু'টি অপ্রধান পুরুষ ও নারী চরিত্রের নাম উল্লেখ কর। ১+১

২৪. "বাক্যদোষে হইল গর্দ্দভ বারাণষী।।" — কে কোন্ প্রসঙ্গে এই কথা বলেছেন? ১+১

২৫. "চঞ্চলা তোমার কৃপা চঞ্চলা সমান" — কে কোন্ প্রসঙ্গে এই কথা বলেছেন? ১+১

★★★